

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
বিআরটিএ সংস্থাপন শাখা  
[www.rthd.gov.bd](http://www.rthd.gov.bd)

নং-৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৮৯

তারিখ : ২৫-০২-২০১৯ খ্রি:

### প্রজ্ঞাপন

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুসারে পটুয়াখালী জেলার পটুয়াখালী পৌরসভার সাধারণ নির্বাচন আগামী ২৮-০২-২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। এ প্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৭ ফেব্রুয়ারি, ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে :

- |                                   |            |  |
|-----------------------------------|------------|--|
| (১) বেবী ট্যাক্সি/অটোরিও/ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেস্পো   |
| (২) ট্যাক্সি ক্যাব                | (৬) কার    | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের<br>বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস                    | (৭) বাস    |  |
| (৪) জীপ                           | (৮) ট্রাক  |  |

২। এছাড়া, ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ০১ মার্চ ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পথ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/অন্যান্য কর্তৃপক্ষকে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪  
ফেব্রুয়ারি ২০১৯  
(মোঃ নিয়াকত আলী)  
সহকারী সচিব  
ফোনঃ ৯৫৪৫৪৬৯

অপর পাতায় দৃষ্টব্য

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব, .....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। প্রিসিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
- ৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
- ৬। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্র মন্ত্রণালয় (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। সচিব.....(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ।
- ৮। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা ইহার স�িত তাঁর ২৪-০২-২০১৯ তারিখের  
১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৩.১৯-১৩৯ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে।
- ৯। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা।
- ১০। মহাপরিচালক, র্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র্যাব), র্যাব হেডকোয়ার্টার, কুর্মিটোলা, ঢাকা।
- ১১। চেয়ারম্যান, বিআরটিএ, বিআরটিএ ভবন, নতুন এয়ারপোর্ট রোড, বনানী, ঢাকা (ড্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১২। বিভাগীয় কমিশনার, .....(সংশ্লিষ্ট)।
- ১৩। উপ-মহাপুলিশ পরিদর্শক, .....(সংশ্লিষ্ট রেঞ্জ)।
- ১৪। জেলা প্রশাসক, .....(সংশ্লিষ্ট)।
- ১৫। পুলিশ সুপার, .....(সংশ্লিষ্ট)।
- ১৬। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, .....(সংশ্লিষ্ট)।
- ১৭। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ১৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরণতঃ গেজেটের ৩০০  
(তিনশত) কপি জরুরীভূতিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল।)
- ১৯। উপজেলা নির্বাচনী অফিসার.....(সংশ্লিষ্ট)।
- ২০। সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .....(সংশ্লিষ্ট)।
- ২১। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ২২। জেলা কমান্ডেট, আনসার ও ভিডিপি, .....(সংশ্লিষ্ট)।
- ২৩। জেলা তথ্য অফিসার, .....(সংশ্লিষ্ট)।
- ২৪। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে  
প্রকাশের জন্য অনুরোধ করা হল।)

  
 (মোঃ লিয়াকত আলী)  
 সহকারী সচিব